

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ



# গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, নভেম্বর ১৯, ২০০৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

জাতীয় রাজস্ব বোর্ড

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখ, ০৫ অগ্রহায়ণ ১৪১৪ বঙ্গাব্দ/১৯ নভেম্বর ২০০৭ খ্রিস্টাব্দ

এস, আর, ও, নং ২৬০-আইন/২০০৭/৪৮৩-মূসক।—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২নং আইন) এর ধারা ৭২ এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত বিধিমালার বিধি ২২ এর উপ-বিধি (২) এর পর নিম্নরূপ উপ-বিধি (৩) সংযোজিত হইবে, যথা :—

“(৩) উপ-বিধি (১), (১ক), (১খ) ও (২) এ যাহা কিছুই থাকুক না কেন, জাতীয় রাজস্ব বোর্ড, যে কোন পণ্য বা পণ্য শ্রেণী বা সেবার হিসাব সংরক্ষণ, চালানপত্র ইস্যু ইত্যাদি ক্ষেত্রে ইলেক্ট্রনিক ক্যাশ রেজিস্টার বা কম্পিউটার বা অন্য কোন ইলেক্ট্রনিক যন্ত্রপাতি ব্যবহারের জন্য আদেশ জারি করিতে পারিবে।”।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

আব্দুল মান্নান শিকদার  
প্রথম সচিব  
মূসক (নীতি ও বাজেট)।

এ, কে, এম রফিকুল ইসলাম (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ আব্দুল হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

(৮৩৭৩)  
মূল্য ৪ টাকা ২.০০